**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 15.03.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 P.M.** **Compiling:-**
**DEO : KB** **NR: S. BASU**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ নির্বাচন কমিশন আধার কার্ডের সঙ্গে এপিক-এর সংযুক্তিকরণের বিষয়ে আগামী মঙ্গলবার বৈঠক ডেকেছে।

# তৃণমূল কংগ্রেস ভুয়ো ভোটার সন্ধানে আরো গতি আনবে। জেলা থেকে ব্লক স্তর পর্যন্ত গঠিত হবে কোর কমিটি।

২/ জমি বিবাদকে কেন্দ্র করে সংঘর্ষে মালদায় দক্ষিণ চন্ডীপুর পঞ্চায়েতের সচিব খুন। আহত অন্তত ছয়।

৩/ খেসারির ডালের একটি নতুন প্রজাতি উদ্ভাবন করেছে নদীয়ার বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় ।

৪/ রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে আগামী দুদিন তাপপ্রবাহের সতর্কতা থাকলেও কুড়ি তারিখে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

৫/ ISL ফুটবলের প্লে অফের সূচী ঘোষিত হয়েছে।

*****************************************************************

তৃণমূল কংগ্রেস ভোটার তালিকায় ভুয়ো ভোটার খোঁজার কাজে আরো গতি আনার সিদ্ধান্ত নিয়েছে। তালিকা খতিয়ে দেখার জন্য জেলা থেকে ব্লক স্তর পর্যন্ত কোর কমিটি গঠন করা হবে। ভোটার তালিকা ইস্যুতে আজ দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ও রাজ্য সভাপতি সুব্রত বক্সীর উপস্থিতিতে এক ভার্চুয়াল বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠক প্রসঙ্গে দলের এক্স হ্যান্ডেলে এক বার্তায় জানানো হয়েছে, ভোটার তালিকা থেকে সবরকম অনিয়ম দূর করতে তৃণমূল কংগ্রেস বদ্ধপরিকর।

তৃণমূল কংগ্রেস সূত্রে জানা গেছে, ভোটার তালিকায় একটি ভূতুড়ে নামও যাতে না থেকে যায়, বৈঠকে তা নিশ্চিত করতে নির্দেশ দেওয়া হয়েছে। স্থির হয়েছে, ভোটার তালিকা সংক্রান্ত কাজের জন্য আগামী ৫ দিনের মধ্যে জেলা ভিত্তিক কোর কমিটি গঠন করা হবে। একইভাবে ২১ থেকে ২৭ মার্চের মধ্যে ব্লকে ব্লকে কোর কমিটি গঠন করা হবে। ২৮ মার্চ থেকে ৩ এপ্রিলের মধ্যে অঞ্চল ও ওয়ার্ডে কোর কমিটি তৈরি করে দেওয়া হবে। ১৬ এপ্রিল থেকে ফের বুথে বুথে গিয়ে ভোটার তালিকা সরেজমিনে খতিয়ে দেখার কাজ শুরু হবে। এই কাজ ২০২৬ সালের বিধানসভা নির্বাচন অবধি চলবে।

*********************

নির্বাচন কমিশন, আধার কার্ডের সঙ্গে এপিক-এর সংযুক্তিকরণের বিষয়ে বৈঠক ডেকেছে। আগামী মঙ্গলবার মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পৌরহিত্যে ওই বৈঠক হওয়ার কথা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব, আধার কমিশনের CEO, সংসদ বিষয়ক মন্ত্রকের সচিব এবং কেন্দ্রীয় আইন সচিবকে উপস্থিত থাকতে বলা হয়েছে। সমস্ত জাতীয় ও আঞ্চলিক রাজনৈতিক দলের কাছ থেকেও কমিশন ওই বিষয়ে মতামত এবং পরামর্শ চেয়েছে।

৩০-শে এপ্রিলের মধ্যে কমিশনের কাছে এই পরামর্শ বা মতামত পাঠানো যাবে। আধার কার্ডের সঙ্গে এপিক-এর সংযুক্তিকরণের বিষয়ে নির্বাচন কমিশনের বৈঠকে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হতে পারে বলে মনে করা হচ্ছে। ওই উদ্যোগ বাস্তবায়নের প্রক্রিয়া নিয়েও বৈঠকে প্রাথমিক আলোচনা হতে পারে।

সম্প্রতি তৃণমূল কংগ্রেস সাংসদদের একটি প্রতিনিধি দল নির্বাচন কমিশনে গিয়ে স্বচ্ছ ভোটার তালিকা তৈরী এবং EPIC –এর সঙ্গে আধার ব্যবহারের দাবী জানায়।

তৃণমূল কংগ্রেসের রাজ্য সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদার বলেছেন, প্রকৃত ভোটাররা ভোট দেবেন এটাই তাঁর দল চায়। নির্ভুল তালিকা তৈরী করে কমিশনকে নিজেদের নিরপেক্ষতা প্রমাণ দিতে হবে বলে মন্তব্য করেন তিনি।

ভোটার তালিকায় জালিয়াতি তৃণমূল কংগ্রেসইকরেছে বলে অভিযোগ করেছেন বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য।

( বাইট- শমীক )

*********************

আগামী বিধানসভা নির্বাচনকে সামনে রেখে বিজেপি, রাজ্যের ২৫টি সাংগঠনিক জেলার সভাপতিদের নাম ঘোষণা করেছে। এর মধ্যে ১৭ জন নতুন মুখ। উত্তর এবং দক্ষিণ কলকাতা-সহ ৮টি সাংগঠনিক জেলায় সভাপতিদের অবশ্য অপরিবর্তিত রাখা হয়েছে। তবে এখনও ১৮টি সাংগঠনিক জেলার সভাপতির নাম ঘোষণা করা হয়নি।

৪২টি জেলায় সাংগঠনিক জেলা সভাপতি পরিবর্তনের পরই নতুন রাজ্য সভাপতির নাম ঘোষণা করা হতে পারে বলে মনে করা হচ্ছে।

*********************

ইফতারের অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী সোমবার ফুরফুরা শরিফে যাচ্ছেন। উন্নয়ন প্রসঙ্গে স্থানীয় বিধায়ক তথা ফুরফুরা শরিফের পীরজাদা নওশাদ সিদ্দিকির সঙ্গে মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক বৈঠকের প্রেক্ষিতে এই সফর তাৎপর্যপুর্ণ বলে মনে করা হচ্ছে। রমজান মাস উপলক্ষ্যে ফুরফুরা শরিফে সরকারি উদ্দ্যোগে ইফতার সমাবেশের আয়োজন করা হচ্ছে। পাশাপাশি এই সফরে পীরজাদা ত্বহা সিদ্দিকির সঙ্গেও তাঁর বৈঠক হতে পারে বলে জানা গেছে। মুখ্যমন্ত্রীর সফরকে কেন্দ্র করে ফুরফুরা শরিফকে কড়া নিরাপত্তায় মুড়ে ফেলা হয়েছে। প্রস্তুতি খতিয়ে দেখতে জেলা পুলিশের পাশাপাশি রাজ্য পুলিশের শীর্ষ কর্তারাও সেখানে উপস্থিত হয়েছেন।

প্রসঙ্গত তৃণমূল কংগ্রেস ক্ষমতায় আসার পর এই নিয়ে তৃতীয়বার ফুরফুরায় যাচ্ছেন মুখ্যমন্ত্রী।

*********************

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস পৃথিবী ও প্রকৃতির জন্য এক ঘন্টা ‘আর্থ আওয়ার’ পালনের আহ্বান জানিয়েছেন।

২২শে মার্চ তারিখ রাত সাড়ে ৮’টা থেকে সাড়ে নটা পর্যন্ত 'পৃথিবীর জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ এক ঘন্টা' – ‘আর্থ আওয়ার’ পালন করা হবে।

এক্স হ্যান্ডেলে আজ এক বার্তায় তিনি যুব সমাজের মধ্যে পৃথিবী রক্ষার চেতনা গড়ে তুলতে নিজেদেরকেই অনুপ্রেরকের কাজ করতে হবে বলে উল্লেখ করেন। তিনি বলেন, ভবিষ্যৎকে সুরক্ষিত এবং বসুধাকে টিকিয়ে রাখতে এখনই জোটবদ্ধ হয়ে সবাইকে এগিয়ে আসতে হবে।

*********************

পুরীর আদলে দিঘায় রাজ্য সরকারের উদ্যোগে নির্মীয়মান জগন্নাথ মন্দিরের নিরাপত্তা সুনিশ্চিত করতে সেখানে একটি পুলিশ ফাঁড়ি তৈরি করা হবে। মন্দিরের অদূরেই ওই ফাঁড়ি তৈরির সিদ্ধান্ত সম্প্রতি রাজ্য মন্ত্রিসভার বৈঠকে গৃহীত হয়েছে। ওই ফাঁড়ি পরিচালনার জন্য পুলিশে বেশকিছু নতুন পদ সৃষ্টি করা হবে বলে জানা গেছে।

উল্লেখ্য ৩০ এপ্রিল অক্ষয় তৃতীয়ার দিন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দিঘায় জগন্নাথ মন্দির উদ্বোধনের কথা রয়েছে। ২০ একর জমিতে গড়ে ওঠা ওই বিশাল মন্দিরকে কেন্দ্র করে সৈকত নগরীতে মানুষের ভিড় আরো বাড়বে বলে মনে করা হচ্ছে। তাঁদের নিরাপত্তা দিতেই নতুন এই ফাঁড়ি তৈরির সিদ্ধান্ত।

*********************

যাদবপুর বিশ্ব বিদ্যালয়, ‘ইনস্টিটিউট অফ এমিনেন্স’-IOE-র তকমা হারানোয় শিক্ষক সংগঠন জুটা, উদ্বেগ প্রকাশ করেছে। সংগঠনের তরফে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ভাস্কর গুপ্তকে একটি চিঠিও লেখা হয়েছে। চিঠিতে জুটা বলেছে, সংবাদ

মাধ্যমে প্রকাশিত রিপোর্ট অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার যাদবপুর বিশ্ব বিদ্যালয়কে প্রয়োজনীয় অর্থ দেয়নি। এর ফলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নির্ধারিত বাজেটের অনেকটাই কম বিশ্ববিদ্যালয় পাবে। অবিলম্বে তারা এব্যাপারে ভারপ্রাপ্ত উপাচার্যকে উদ্যোগী হতে বলেছেন।

এদিকে, বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন, কেন্দ্রীয় সরকার এক হাজার কোটি টাকা দিতে প্রস্তুত থাকলেও, রাজ্য সরকার তাদের ভাগের টাকা দিতে অস্বীকার করেছে।

*********************

মালদার ভুতনী থানার অন্তর্গত হীরানন্দপুরে পারিবারিক বিবাদকে কেন্দ্র করে সংঘর্ষের জেরে এক ব্যক্তি খুন হয়েছেন। আমাদের মালদা জেলা সংবাদদাতা জানিয়েছেন, কমল মন্ডল নামে ওই ব্যক্তি দক্ষিণ চন্ডীপুর গ্রাম পঞ্চায়েতের সচিব পদে নিযুক্ত ছিলেন। আহত হয়েছেন অন্তত ৬’জন।

জানা গেছে, গোবর্ধন টোলা এলাকায় দুটি পরিবারের মধ্যে দীর্ঘদিন ধরে একটি জমি নিয়ে বিবাদ চলছিল। হোলির উৎসবকে কেন্দ্র করে আজ তা’ চরমে ওঠে। দুই পক্ষই একে অপরের ওপর হামলা চালায়। ধারালো অস্ত্রের আঘাতে কমল মন্ডল গুরুতর জখম হন। আহতদের হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

গুরুতর আহত তিনজনকে মালদা মেডিক্যাল কলেজে পাঠানো হয়েছে। সংঘর্ষের খবর পেয়ে বিরাট পুলিশ বাহিনী সেখানে যায়।

ঘটনার তদন্ত শুরু হয়েছে।

*********************

বীরভূমের সাঁইথিয়ায় দোলের দিন দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে ভাঙচুর ও আটজনের আহত হওয়ার ঘটনায় অন্তত ২২ জনকে পুলিশ গ্রেপ্তার করেছে।

আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে, সাঁইথিয়া শহর এবং সাইথিয়া থানার অন্তর্গত পাঁচটি গ্রাম পঞ্চায়েত এলাকায় ১৭ মার্চ পর্যন্ত ইন্টারনেট পরিষেবা বন্ধ থাকবে।

তবে, পরিস্থিতি বর্তমানে শান্তিপূর্ণ বলেই জানিয়েছে পুলিশ।

মোতায়েন রয়েছে র‍্যাফ।

********************

প্রয়াত প্রাক্তন ফুটবলার PK বন্দ্যোপাধ্যায়ের পরিচারককে খুন করার অভিযোগ উঠেছে আরেক পরিচারকের বিরুদ্ধে। সল্টলেকের GD ব্লকে ফুটবলারের বাড়িতে গতকাল দুই পরিচারক বরুণ ঘোষ ও গোপীনাথ মুহুরির মধ্যে মদ্যপান নিয়ে বচসা বাধে। এরপরই বরুণ ছুড়ি দিয়ে গোপীনাথকে আঘাত করে বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় তাঁকে বিধাননগর হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। পুলিশ অভিযুক্তকে গ্রেপ্তার করেছে। আজ তাকে আদালতে তোলা হচ্ছে।

ওই বাড়িতে বর্তমানে পি কে বন্দ্যোপাধ্যায়ের দুই মেয়ে থাকেন। তাদেরকেও পুলিশ জিজ্ঞাসাবাদ করছে।

********************

নদীয়ার ধুবুলিয়ায় পারিবারিক অশান্তির জেরে নিজের চার বছরের শিশু কন্যাকে জলঙ্গী নদীতে ফেলে দেওয়ার অভিযোগ উঠেছে এক ব্যক্তির বিরুদ্ধে।

অভিযুক্ত বছর ৩২-এর বাবু ঘোষ ওরফে বুধোকে পুলিশ গ্রেপ্তার করেছে। তার পুলিশ হেফাজত হয়েছে। স্থানীয়রা শিশুটিকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

********************

নদীয়ার চাপড়ার লক্ষীগাছায় সড়ক দুর্ঘটনায় সাত জনের মৃত্যুর প্রেক্ষিতে ধৃত স্করপিও গাড়ির চালকে সূর্য মন্ডলের তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে। আজ তাকে কৃষ্ণনগর আদালতে তোলা হয়।

উল্লেখ্য, দোলের দিন গতকাল তাঁর গাড়ি পর পর দু'টি টোটো-কে ধাক্কা মারলে, সাত জনের মৃত্যু হয়।

********************

নদীয়ার বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় খেসারির ডালের নতুন প্রজাতি এনেছে। খেসারির স্থানীয় জাতগুলিতে রাসায়নিক পদার্থ বেশি মাত্রায় থাকার দরুন তা স্বাস্থ্যের জন্য উপযুক্ত ছিল না। নতুন এই প্রজাতিতে রাসায়নিক পদার্থের উপস্থিতি ০.১ শতাংশ, তাই এটি নির্ভয়ে খাওয়া যেতে পারে বলে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, গবেষকরা জানিয়েছেন। এতে প্রোটিনের পরিমাণ প্রায় ৩০ শতাংশ। উন্নত মানের এই খেসারির ডাল অনেকটা মটর ডালের মতো দেখতে। ইতমধ্যেই কেন্দ্রীয় সরকারের তরফ থেকে স্বীকৃতি মিলেছে।

গবেষক জানিয়েছেন- ( বাইট- )

বিশ্ব বিদ্যালয়ের অধ্যক্ষ রঘুনাথ সাধুখাঁ জানিয়েছেন, বাঁকুড়া,সুন্দরবন, পুরুলিয়াতে এই প্রজাতির ডাল চাষে সাফল্য মিলেছে।

*********************

রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে আগামী দুদিন তাপপ্রবাহের সতর্ক বার্তা থাকলেও কুড়ি তারিখে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে, দক্ষিণবঙ্গের সব জেলাতেই সর্বোচ্চ তাপমাত্রা আগামী দুদিন আরও বাড়বে।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরীশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, আগামী ১৯ তারিখ পর্যন্ত এই অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে।

(বাইট- সৌরিশ বন্দ্যোপাধ্যায় )

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক তিন ডিগ্রি সেলসিয়য়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩’দশমিক ৭ ডিগ্রি বেশি।

সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে - ৩৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, যা প্রায় স্বাভাবিক।

*********************

ইন্ডিয়ান সুপার লিগ ISL-এর প্লে অফের সুচি আজ ঘোষনা করা হয়েছে। ২৯শে মার্চ প্লে অফের নক আউট পর্বের ম্যাচে বেঙ্গালুরু এফ সি, মুম্বাই এফ সি-র বিরূদ্ধে খেলবে। পরদিন নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি, জামশেদপুর এফ সি, র মুখোমুখি হবে।

লিগ পর্যায়ে প্রথম ও দ্বিতীয় স্থানে থাকা মোহনবাগান সুপার জায়ান্ট ও এফ সি গোয়া সরাসরি সেমিফাইনালে খেলবে। দুই পর্বের সেমি ফাইনালের প্রথম ম্যাচে মোহনবাগান ৭ই এপ্রিল যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলবে। আওয়ে ম্যাচটি হবে তেসরা এপ্রিল। মোহনবাগান,নর্থ ইষ্ট ইউনাইটেড ও জামশেদপুর এফ সি-র বিজয়ী দলের বিরূদ্ধে খেলবে। অন্য সেমিফাইনালে হোম এন্ড আওয়ে পর্যায়ে দুই ও ছয়ই এপ্রিল অনুষ্ঠিত হবে । এফ সি গোয়া খেলবে বেঙ্গালুরু এফসি ও মুম্বাই এফ সি-র বিজয়ীর বিরূদ্ধে । ফাইনাল হবে ১২ ই এপ্রিল।

****************************************************************